ইসির পদত্যাগ দাবিতে বিএনপির মানববন্ধন পেছাল

নির্বাচন কমিশনের (ইসি) পদত্যাগের দাবিতে বিএনপির মানববন্ধনের কর্মসূচি একদিন পিছিয়ে দেওয়া হয়েছে। ১০ জানুয়ারির পরিবর্তে এ কর্মসূচি পরদিন ১১ জানুয়ারি পালিত হবে।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী গতকাল এই তথ্য জানান।

তিনি বলেন, ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপি’র উদ্যোগে ১১ জানুয়ারি জাতীয় প্রেসক্লাবের সামনে সকাল ১১টায় এ কর্মসূচি পালিত হবে। তবে ৭ জানুয়ারি দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে এবং বাণিজ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিএনপি’র কেন্দ্র ঘোষিত মানববন্ধন কর্মসূচিটি অপরিবর্তিত থাকবে।

দেশবাসীসহ বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের সব পর্যায়ের নেতাকর্মীকে ঘোষিত কর্মসূচি সফল করার আহ্বান জানান তিনি।

দক্ষ হয়ে বিদেশ যাওয়ার পরামর্শ প্রধানমন্ত্রীর

নাগরিকদের দক্ষ হয়ে বিদেশে যাওয়ার পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, অন্ধের মতো বিদেশে ছুটলে দালালদের খপ্পরে পড়তে হয়। সেজন্য নিজেকে দক্ষ করে গড়ে তুলে বিদেশে কাজে যাওয়ার পরামর্শ দেন।

আজ বুধবার সকালে আন্তর্জাতিক অভিবাসী দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তিনি এই পরামর্শ দেন। গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভায় যোগ দেন প্রধানমন্ত্রী।

এ সময় শেখ হাসিনা বলেন, অনেকেই মনে করে বিদেশে গেলেই বুঝি অনেক

অর্থ উপার্জন করা যায়। এমন প্রলোভনে পড়বেন না, দালালদের খপ্পরে পড়বেন না। কারো প্ররোচনায় বিদেশে গিয়ে নিজের ও পরিবারের ক্ষতির কারণ হবেন না।
দেশে ১০০ অর্থনৈতিক অঞ্চল হচ্ছে জানিয়ে প্রধানমন্ত্রী আরও বলেন, আমাদের দক্ষ কর্মী লাগবে। কারও কাজের অভাব হবে না। দেশে কাজের অভাব নেই, খাবারের অভাব নেই। দয়া করে সোনার হরিণ ধরতে ছুটবেন না।

করোনাকালে দেশে আসা প্রবাসীদের হতাশ না হওয়ার পরামর্শ দিয়ে প্রধানমন্ত্রী বলেন, প্রবাসীদের কল্যাণে বর্তমান সরকার কাজ করছে। দেশেও কর্মসংস্থানের সুযোগ হয়েছে। ফিরে আসা প্রবাসীদেরও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দিতে হবে।

শেখ হাসিনা আরও বলেন, প্রবাসীদের হয়রানি রোধে প্রবাসীকল্যাণ মন্ত্রণালয় নজরদারি রাখছে। প্রবাসে বাংলাদেশিদের কর্মসংস্থান ও নারী শ্রমিকদের নিরাপত্তা ঠিকমতো হচ্ছে কিনা তা দেখতে প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়কে নির্দেশ দেন সরকারপ্রধান।

করোনার টিকা প্রয়োগ নীতিমালা চূড়ান্ত

করোনাভাইরাসের টিকা প্রয়োগ সংক্রান্ত নীতিমালা চূড়ান্ত করেছে স্বাস্থ্য অধিদফতর।

মঙ্গলবার বেলা ১১টার দিকে ১৩৭ পৃষ্ঠার এ নীতিমালা চূড়ান্ত করা হয়।

অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা উদ্ভাবিত করোনার টিকা উৎপাদন করছে সেরাম ইনস্টিটিউট অব ইন্ডিয়া, যা বেক্সিমকোর মাধ্যমে বাংলাদেশে আসবে। সেরামের এই টিকা সোমবার রাতেই জরুরি আমদানির অনুমতি দিয়েছে বাংলাদেশের ঔষধ প্রশাসন অধিদফতর।

এদিকে, ভারতের চাহিদা মিটিয়ে অন্য দেশকে করোনার টিকা দেবে

সেরাম-এমন শিরোনামে রবিবার গভীর রাতে আন্তর্জাতিক একটি গণমাধ্যমে যে খবর প্রকাশিত হয়েছে, তা নিয়ে দেশে হুলুস্থুল চলে গতকাল সোমবার দিনভর। তবে এই খবর সঠিক নয় দাবি করে ভারত বলছে, সময়মতোই টিকা পাবে বাংলাদেশ।

সরকারের পক্ষ থেকেও বলা হয়েছে, চুক্তি অনুযায়ী যথাসময়েই অন্য দেশের আগে এবং ভারত থেকে বাইরে টিকা রফতানির প্রথম দেশ হিসেবে টিকা পাবে বাংলাদেশ। চলতি জানুয়ারির শেষ দিকে বা ফেব্রুয়ারির শুরুতেই বাংলাদেশ টিকা পাবে বলে এখনও আশাবাদী স্বাস্থ্য মন্ত্রণালয়।

ফের পেছাল নাইকো মামলায় খালেদার বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি

নাইকো মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানির তারিখ ফের পিছিয়ে ১৯ জানুয়ারি ধার্য করেছেন আদালত।

মঙ্গলবার মামলার অভিযোগ গঠনের শুনানির জন্য দিন ধার্য ছিল। কিন্তু খালেদা জিয়া অসুস্থ থাকায় আদালতে উপস্থিত হননি। এজন্য তার আইনজীবী জিয়া উদ্দিন জিয়া সময়ের আবেদন করেন।

কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারের সামনে নবনির্মিত দুই নম্বর ভবনে স্থাপিত অস্থায়ী ঢাকার ৯ নম্বর বিশেষ জজ শেখ হাফিজুর রহমান সময়ের আবেদন মঞ্জুর করে নতুন এ দিন ধার্য করেন।
খালেদা জিয়ার আইনজীবী জিয়া উদ্দিন জিয়া বিষয়টি নিশ্চিত করেছেন।

যুক্তরাষ্ট্রে শীর্ষ গবেষকের তালিকায় মেহেরপুরের মোখলেসুর

যুক্তরাষ্ট্রের স্টানফোর্ড বিশ্ববিদ্যালয়, সাইটেক স্ট্র্যাটেজিস এবং নেদারল্যান্ডসের এলসিভেয়ার বিশ্বের ১ লাখ গবেষক ও বিজ্ঞানীকে নিয়ে সম্প্রতি একটি তালিকা প্রকাশ করেছে। এতে শীর্ষের দিকে অবস্থান করছেন বাংলাদেশি-অস্ট্রেলিয়ান গবেষক মোখলেসুর রহমান।

বিজ্ঞানের ২২টি শাখার ওপর ভিত্তি করে তৈরি করা ওই গবেষক তালিকাটি। এটি রিসার্চ ডেটা কোম্পানি মেন্ডেলিতে সংরক্ষণ করা হয়েছে। গত অক্টোবরের ওই তালিকায় ঠাঁই করে নেওয়া মোখলেসুর রহমানের ৬৫টির বেশি নিবন্ধ বিশ্বের নামকরা আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে।

তাঁর সেসব গবেষণা অন্য গবেষকদের কাজে বিশেষ ইতিবাচক ভূমিকা রেখেছে। মোখলেসুর রহমানের প্রকাশিত নিবন্ধগুলো সাড়ে ৩ হাজারবারেরও বেশি সাইটেশন হয়েছে। তাঁর গবেষণার এইচ-ইনডেক্স ৩৪। অর্থাৎ, তাঁর এমন ৩৪টি নিবন্ধ আছে যার প্রতিটি কমপক্ষে ৩৪ বার করে উদ্ধৃত হয়েছে। ফলে গবেষকদের তালিকায় শীর্ষ দুই শতাংশ গবেষকের মধ্যে জায়গা করে নিয়েছেন এ মেধাবী বিজ্ঞানী।

বর্তমানে তিনি অস্ট্রেলিয়ার ডেকিন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ফর ফ্রন্টিয়ার ম্যাটেরিয়ালস (আইএফএম)-এ সিনিয়র রিসার্চ ফেলো হিসেবে কর্মরত। তরুণ এ গবেষক কাজ করেছেন শক্তিসঞ্চয় এবং শক্তির রূপান্তর নিয়ে। গবেষণার মাধ্যমে তিনি অনেকগুলো নতুন এনার্জি স্টোরেজ ম্যাটেরিয়াল উদ্ভাবন করেছেন।

মোখলেসুর রহমানের উদ্ভাবিত আবিষ্কারগুলো অস্ট্রেলিয়ার বিভিন্ন মিডিয়ায় ফলাও করে প্রকাশ করেছে। মোখলেসুরের জন্ম বাংলাদেশের মেহেরপুর জেলার গাংনী থানার মহব্বতপুর গ্রামে।

তিনি গাংনী পাইলট হাইস্কুল থেকে মাধ্যমিক এবং রাজশাহী নিউ গভর্নমেন্ট ডিগ্রি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করেন। রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ফলিত রসায়নে কৃতিত্বের সঙ্গে স্নাতক ও স্নাতকোত্তর শেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর বায়োমেডিকেল রিসার্চ-এ আর্সেনিক গবেষক হিসেবে যোগ দেন। বাংলাদেশে বহুল ব্যবহৃত ‘শাপলা’ আর্সেনিক ফিল্টারের মূল উপাদান

‘আইরন অক্সাইড ইমপ্রেগনেটেড ব্রিস্ক স্যান্ড’ মূলত গবেষক রহমানের মাস্টার্সের থিসিসের গবেষণার ফল।

গবেষণার জন্য এখন পর্যন্ত তিনি ১০টিরও বেশি আন্তর্জাতিক পুরস্কার পেয়েছেন।

যেকোনো মুহূর্তে পি কে হালদারের বিরুদ্ধে রেড এলার্ট: দুদক

এনআরবি গ্লোবাল ব্যাংক ও রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেডের সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) প্রশান্ত কুমার (পি কে হালদার) হালদারের বিরুদ্ধে ইন্টারপোল যেকোন মুহূর্তে রেড অ্যালার্ট জারি করবে বলে জানিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল রবিবার (৩ জানুয়ারি) বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি আহমেদ সোহেলের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চকে দুদকের পক্ষে এ তথ্য জানানো হয়।

আদালতে দুদকের পক্ষে ছিলেন আইনজীবী মো. খুরশীদ আলম খান। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল এ কে এম আমিন উদ্দিন মানিক।

এদিকে পি কে হালদারের প্রতারণার শিকার সাবেক প্রধান বিচারপতি মোস্তফা কামালের পরিবারসহ ভুক্তভোগী বিনিয়োগকারীরা এই মামলায় পক্ষভুক্ত হয়েছেন। তাদের কাছ থেকে আত্মসাৎ করা টাকা ফিরিয়ে দিতে আদালতের কাছে আকুতি জানিয়েছেন তারা।

এর আগে পি কে হালদারকে দেশে ফিরিয়ে আনতে সরকার কী ব্যবস্থা নিয়েছে, সে বিষয়ে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছিলেন হাইকোর্ট। তারই ধারাবাহিকতায় আদালতকে দুদক জানায়, যেকোনও মুহূর্তে পি কে হালদারের বিরুদ্ধে ইন্টারপোল রেড অ্যালার্ট জারি করবে।

আদালতে ভার্চুয়াল শুনানিতে অংশ নেন পিকে হালদারের পিপলস লিজিংয়ে ক্ষতিগ্রস্ত চার বিনিয়োগকারী। পরে আগামী ৫ জানুয়ারি এই মামলার পরবর্তী শুনানির দিন নির্ধারণ করেন হাইকোর্ট।

২০২০ সালে দেশে ২ হাজার কোটি ডলার রেমিট্যান্স এসেছে

বিশ্বজুড়ে করোনাভাইরাসের প্রকোপের মধ্যেও দেশের বাইরে থাকা বাংলাদেশিরা রেমিট্যান্স পাঠানো অব্যাহত রেখেছেন। এতে দেশে রেমিট্যান্সের প্রবাহ বাড়ছে।

২০২০ সালে ২ হাজার ১৭৪ কোটি ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসীরা, যা ২০১৯ সালের তুলনায় ১৮ দশমিক ৬৬ শতাংশ বেশি। ২০১৯ সালে রেমিট্যান্স এসেছিল ১ হাজার ৮৩২ কোটি ডলার।

বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়েছে। বিশ্বে করোনার সংক্রমণ শুরু হলে বাংলাদেশে মার্চ ও এপ্রিলে প্রবাসী আয় কমে যায়। তবে এরপরই বড় উল্লম্ফন শুরু হয়। এখনো সেই ধারা অব্যাহত রয়েছে।

দক্ষিণ আফ্রিকায় ডাকাতের গুলিতে বাংলাদেশি ব্যবসায়ী নিহত

দক্ষিণ আফ্রিকায় ডাকাতের গুলিতে নজরুল ইসলাম নামের এক বাংলাদেশি ব্যবসায়ী নিহত হয়েছেন।

স্থানীয় সময় গতকাল শনিবার (২ জানুয়ারি) সন্ধ্যায় দেশটির নর্থ ওয়েস্ট প্রদেশের ক্লার্সড্রপ শহরসংলগ্ন এলাটন এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত নজরুলের বাড়ি নোয়াখালীতে। তিনি দক্ষিণ আফ্রিকার ক্লার্সড্রপ শহরে একটি দোকান পরিচালনা করতেন।

জানা গেছে, শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে একদল ডাকাত নজরুলের দোকানে প্রবেশ করলে নজরুল তাদেরকে বাধা দেন। ডাকাতদলের সদস্যরা নজরুলের কপালে তিন রাউন্ড গুলি করলে ঘটনাস্থলেই নিহত হন তিনি।

ভাসানচরে রোহিঙ্গা স্থানান্তরে প্রশংসা করল ওমান

বাস্তুচ্যুত রোহিঙ্গাদের মধ্যে কিছু সংখ্যক রোহিঙ্গাকে ভাসানচরে স্থানান্তর করায় বাংলাদেশের ভূয়সী প্রশংসা করেছেন ঢাকাস্থ ওমান দূতাবাসের মিশন প্রধান তায়েব সেলিম আবদুল্লাহ আল আলাবি। একই সঙ্গে ভাসানচর বসবাসের অনুকূল এবং নিরাপদ বলে জানিয়েছেন তিনি।

শনিবার এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, তিনি বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেনের সঙ্গে তার সরকারি বাসভবনে বিদায়ী সাক্ষাৎকালে এ প্রশংসা ব্যক্ত করেন। কক্সবাজারে ১৬ হাজার অস্থায়ী বাড়ির নির্মাণ কাজ তদারকির জন্য বেশ কয়েকবার সেখানে তার সফরের উল্লেখ করে আলাবি বলেন, ভাসান চরের জীবনযাত্রার মান স্পষ্টতই বাংলাদেশের গ্রামীণ অঞ্চলের অনেক জায়গা থেকে ভালো হবে।

তিনি জীব-বৈচিত্রের ক্ষতি ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির মতো অনেক প্রতিবন্ধকতা সত্ত্বেও কক্সবাজারে ১১ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশ সরকারের নজিরবিহীন ভূমিকার প্রশংসা করেন।

আলাবি বাংলাদেশে তার দায়িত্ব পালনকালে তাকে সহায়তা ও সহযোগিতা

প্রদানের জন্য এবং গত দশ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের ব্যাপক উন্নয়নের প্রশংসা করেন। সূত্র: বাসস

বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম আর নেই

বীর মুক্তিযোদ্ধা ও বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম মারা গেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

শনিবার ভোরে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।

গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন বাংলাদেশ মহিলা পরিষদের সাধারণ সম্পাদক মালেকা বানু।
তিনি জানান, দীর্ঘদিন ধরেই অসুস্থ ছিলেন বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম। তিনি ফুসফুসের ক্যানসারে ভুগছিলেন। শুক্রবার রাতে তার শারীরিক অবস্থার অবনতি হয় এবং শনিবার ভোরে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।

তিনি আরও জানান, আয়শা খানমের মরদেহ সকাল ৯টায় শ্রদ্ধা নিবেদনের জন্য রাজধানীর সেগুন বাগিচাস্থ বাংলাদেশ মহিলা পরিষদ কেন্দ্রীয় কার্যালয়ে নেওয়া হবে। এরপর সেখানে থেকে নেত্রকোণায় নিজ গ্রামে পারিবারিক কবরস্থানে তার স্বামী প্রকৌশলী মরতুজা হাসানের কবরের পাশে তাকে সমাহিত করা হবে।

উল্লেখ্য, বাষট্টির ছাত্রআন্দোলন, ঊনসত্তরের গণঅভ্যুত্থান এবং মহান মুক্তিযুদ্ধসহ সব প্রগতিশীল আন্দোলনের সক্রিয় সংগঠক ছিলেন আয়শা খানম। ছাত্র জীবন শেষে বঞ্চিত অধিকারহীন নারীদের অধিকার আদায়ে আমৃত্যু নিয়োজিত ছিলেন। তার মৃত্যুতে বাংলাদেশের নারী আন্দোলন এক অকৃত্রিম অভিভাবককে হারালো।